



বাংলাদেশ কম্পিউটার সমিতি
তথ্য প্রযুক্তি শিল্পের জাতীয় সংগঠন



সংবাদ বিজ্ঞপ্তি ১৯ এপ্রিল ২০০৮

বিসিএস আইটিএক্সপো ২০০৮-এর র্যাফেল ড্র অনুষ্ঠিত

বিগত ৩০ মার্চ থেকে ৫ এপ্রিল ২০০৮ সময়কালে বাংলাদেশ কম্পিউটার সমিতি কর্তৃক আয়োজিত 'বিসিএস আইটিএক্সপো ২০০৮' সফলভাবে সম্পন্ন হয়। উক্ত মেলায় র্যাফেল ড্র আজ শনিবার, ১৯ এপ্রিল ২০০৮ বিকাল ৪টায় সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বিসিএস সভাপতি জনাব মোস্তাফা জব্বারের তত্ত্বাবধানে পরিচালিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিসিএস এর সহ-সভাপতি ও বিসিএস আইটিএক্সপো ২০০৮-এর আহ্বায়ক জনাব এ.টি. শফিক উদ্দিন আহম্মদ, যুগ্ম-মহাসচিব জনাব কাজী আশরাফুল আলম, কোষাধ্যক্ষ জনাব মোঃ শাহিদ-উল-মুনীর এবং পরিচালক জনাব ইউসুফ আলী শামীম। এছাড়াও এতে উপস্থিত ছিলেন বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিক, বিসিএস আইটিএক্সপো ২০০৮ এর বেশ কিছু দর্শনার্থী এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ।

র্যাফেল ড্র'র ফলাফল পত্রিকায়, বিসিএস ওয়েবসাইট ও ই-মেইলের মাধ্যমে প্রকাশ করা হয়েছে- যাতে করে র্যাফেল ড্র'র সময় পুরস্কার বিজয়ী যারা উপস্থিত ছিলেন না তারা বিসিএস কার্যালয় থেকে পুরস্কার সংগ্রহ করতে পারেন।

র্যাফেল ড্র-এর ফলাফল নিম্নরূপ:

প্রথম পুরস্কার (১টি ল্যাপটপ) : টিকেট নং ১৭২৩২

দ্বিতীয় পুরস্কার (১টি ডেস্কটপ পিসি): টিকেট নং ৩৩১৭৪

তৃতীয় পুরস্কার (১টি লেজার প্রিন্টার): টিকেট নং ২৮৩৫২

সাত্তনা পুরস্কার (ডিভিডি ড্রাইভ-১০ টি) : টিকেট নং যথাক্রমে ০৩৮২৫, ০৫৩৫৭, ০৯২৬০, ০২৩৩৮, ১২৫৫২, ২৩৬২৩, ২৩৬৭৩, ২৯১২৬, ২৬২৭০, ২৪৯৭৯।

সাত্তনা পুরস্কার (এমপিথ্রি -০৫ টি): টিকেট নং যথাক্রমে ২৬৭০২, ০৭৪৮৮, ২৬৫৬১, ১২২৫৭, ০৭৭৬২।

সাত্তনা পুরস্কার (পেন ড্রাইভ -০৫ টি): টিকেট নং যথাক্রমে ৩২৫২১, ১১৬৬২, ০২৬৯৮, ১৩১১৩, ০৫০১৫।

বিজয়ী যারা র্যাফেল ড্র অনুষ্ঠানে অনুপস্থিত ছিলেন তাদেরকে বিসিএস-এর নিম্নলিখিত কার্যালয় থেকে অনতিবিলম্বে বা সর্বশেষ আগামী ৩১ শে মে ২০০৮ তারিখের মধ্যে টিকেটের কাউন্টার পার্ট প্রদর্শন করে পুরস্কার সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংবাদ প্রেরক

মোঃ তোজাম্মেল উদ্দীন শিকদার

আইটি অফিসার

বাংলাদেশ কম্পিউটার সমিতি

১৩ তলা, সোনারতরী টাওয়ার, প্লট নং-১২, বিপণন বা/এ

সোনারগাঁও রোড, ঢাকা-১০০০।